যুগান্তর

তারিখ : 30 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ২

ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস

# জবি শিক্ষক ও কর্মচারী সাময়িক বরখাস্ত

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় দায়িত্বে অবহেলা ও নৈতিকতাবিরোধী কাজ এবং প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে এক শিক্ষক ও কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বরখাস্ত হওয়া শিক্ষক বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক দেওয়ান বদরুল হাসান ও একই বিভাগের কর্মচারী মো. এমদাদুল হক। শনিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। অভিযোগ তদন্তে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আক্কাসকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করেছে জবি প্রশাসন। কমিটিকে ২ সপ্তাহের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।